

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং- ২৬

২৬ এপ্রিল ২০২১

তারিখ: -----

১৩ বৈশাখ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কীম।

শিরোনামোক্ত বিষয়ে ১৩ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে কোভিড-১৯ মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহকে প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে তাদের রপ্তানি কার্যক্রম অব্যাহত রেখে বৈদেশিক মুদ্রা অর্জন ও অর্থনীতিতে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল সুবিধা প্রদান করা হয়। উক্ত তহবিল হতে প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে গ্রাহক পর্যায়ে ঋণের সুদহার সর্বোচ্চ ৬% এবং বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত পুনঃঅর্থায়ন সুবিধার উপর সুদহার ৩% নির্ধারণ করা হয়।

৩। এ পর্যায়ে, 'প্রি-শিপমেন্ট ক্রেডিট পুনঃঅর্থায়ন স্কীম' এর আওতায় স্বল্প সুদে ঋণ প্রাপ্তি নিশ্চিত করার মাধ্যমে রপ্তানি খাতে অধিকতর প্রবৃদ্ধি অর্জন করার লক্ষ্যে গ্রাহক ও ব্যাংক পর্যায়ে সুদহার হ্রাস করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২০ এর অনুষ্টেদ নং-৮ (ক) ও অনুষ্টেদ নং-৯ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

৮। গ্রাহক পর্যায়ে সুদ হার ও অন্যান্য চার্জেস:

৮(ক) গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫%।

৯। ব্যাংক পর্যায়ে সুদ হার: বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত পুনঃঅর্থায়ন সুবিধার উপর ২% হারে সুদ আরোপ করা হবে।

এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২০, বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮/২০২০ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-৪২/২০২০ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২